



## বিজ্ঞপ্তি

### কামিল স্নাতকোত্তর ১ম ও ২য় পর্ব পরীক্ষা- ২০১৯ ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কক্ষ পরিদর্শকদের জন্য অতীব জরুরী কিছু দিকনির্দেশনা

- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয় (ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, অন্যান্য বিশ্ববিদ্যালয়) এর অলিখিত উত্তরপত্র ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা যাবে না। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয় এর অলিখিত উত্তরপত্র ভুলক্রমে পরীক্ষা কেন্দ্রে সরবরাহ হয়ে থাকলে বিষয়টি তাৎক্ষণিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে অবহিত করতে হবে। কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব দুই বছর মেয়াদী পরীক্ষার অলিখিত উত্তরপত্র পরীক্ষার্থীদের নিকট সরবরাহ করতে হবে। এবং পরীক্ষার্থীদের নিকট অলিখিত উত্তরপত্র সরবরাহ করার পর অলিখিত উত্তরপত্রটি সংশ্লিষ্ট পরীক্ষার কিনা তা সঠিকভাবে যাচাই করে নিতে হবে। এক পরীক্ষার অলিখিত উত্তরপত্র অন্য পরীক্ষায় কোন ক্রমেই সরবরাহ করা যাবে না।
- যে সকল মূল উত্তরপত্রে O.M.R সিরিয়াল নম্বর উল্লেখ নেই সেইসব উত্তরপত্র পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করা যাবে না। পরীক্ষা কমিটি এবং হল পরিদর্শক এ বিষয়টি যাচাই করে পরীক্ষার্থীর মধ্যে উত্তরপত্র বিতরণ করবেন। O.M.R এর লিখু কোডের স্থানে কোন রকম দাগ দেয়া ও বৃত্ত ভরাট করা যাবে না।
- মূল উত্তরপত্রে O.M.R এর পরীক্ষার্থীর অংশে পরীক্ষার্থীর নাম, পরীক্ষা কোড, বিষয় কোড, রেজিস্ট্রেশন নম্বর, প্রশ্নপত্রের কোড সঠিকভাবে লিখা এবং বৃত্ত ভরাট সঠিক হয়েছে কিনা তা যাচাই করে কক্ষ পরিদর্শক স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর স্বাক্ষরলিপিতে পরীক্ষা কেন্দ্রের নাম, কেন্দ্র কোড, পরীক্ষার্থীর নাম, পিতা-মাতার নাম, রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষাবর্ষ, পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ, বিষয়ের নাম, বিষয় কোড, মূল উত্তরপত্রের কভার পৃষ্ঠার O.M.R এর ক্রমিক নম্বর, ছাত্র-ছাত্রীর স্বাক্ষর আছে কিনা তা যাচাই করার পর কক্ষ পরিদর্শক স্বাক্ষর করবেন।
- পরীক্ষা শেষ হওয়ার পর বিষয় কোড আলাদা করে ৫০টি করে উত্তরপত্র বাউন্ড করতে হবে। প্রতি বাউন্ডে ১ টি করে প্রশ্ন দিতে হবে। বাউন্ডের সময় করোগেটেড বোর্ড দিয়ে উত্তরপত্রগুলো সুতা দিয়ে বাঁধতে হবে।
- একই বাউন্ডে একাধিক বিষয় কোডের উত্তরপত্র কোন অবস্থাতেই পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে পাঠানো যাবে না।
- উত্তরপত্রের সংখ্যা ৫০টির কম হলে আলাদা আলাদা বাউন্ড করতে হবে। উত্তরপত্রগুলো প্যাকেট করার পর নিম্নবর্ণিত নমুনা/ছক অনুসরণ করে পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর নিকট বীমাকৃত পার্সেলে ডাকযোগে প্রেরণ করতে হবে।
- কামিল স্নাতকোত্তর ১ম ও ২য় পর্ব এর লিখিত উত্তরপত্র এবং O.M.R গুলো হলুদ কাপড়ে প্যাকেট করে নিম্নবর্ণিত ছক মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠাতে হবে।
- একটি করোগেটেড বক্সে সর্বোচ্চ ২০০টি O.M.R দেয়া যাবে। O.M.R প্যাকেট করার সময় করোগেটেড বক্সের ভিতর এবং উপরে অবশ্যই টপশীটের ফটোকপি দিতে হবে। এরপর কাপড় দিয়ে সেলাই এবং সিলগালা অবস্থায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে পাঠাতে হবে।
- যে তারিখে পরীক্ষা অনুষ্ঠিত হবে উক্ত তারিখেই লিখিত উত্তরপত্র এবং O.M.R গুলো নিকটস্থ ডাক বিভাগের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে পাঠাতে হবে। উল্লেখ্য ০৭/০৩/২০২০ইং এবং ১৪/০৩/২০২০ইং শনিবার দুটি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত তারিখে স্ব-স্ব কেন্দ্রের নিকটস্থ ডাক বিভাগ খোলা থাকবে। ইতোপূর্বে ডাক অধিদপ্তরের মহা-পরিচালক মহোদয়কে চিঠির মাধ্যমে অবহিত করা হয়েছে।

#### মূল উত্তরপত্র পাঠানোর নমুনা

ধরক :		প্রাপক পরীক্ষা নিয়ন্ত্রক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরীক্ষা ভবন-২ ওয়েস্ট ধানমন্ডি, বহিলা মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
ভারপ্রাপ্ত কর্মকর্তা		
পরীক্ষার নাম ও সাল		
প্রশ্ন কোড		
বিষয় কোড		
উত্তরপত্রের সংখ্যা		
পরীক্ষা কেন্দ্রের নাম		
পরীক্ষা কেন্দ্র কোড		
পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ		

#### O.M.R পাঠানোর নমুনা

ধরক :		প্রাপক পরীক্ষা নিয়ন্ত্রক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরীক্ষা ভবন-২ ওয়েস্ট ধানমন্ডি, বহিলা মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
ভারপ্রাপ্ত কর্মকর্তা		
পরীক্ষার নাম ও সাল		
প্রশ্ন কোড		
বিষয় কোড		
O.M.R সংখ্যা		
পরীক্ষা কেন্দ্রের নাম		
পরীক্ষা কেন্দ্র কোড		
পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তারিখ		

উল্লেখিত নির্দেশনাবলী অবশ্যই পালন করতে হবে। অন্যথায় কেন্দ্রের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(প্রফেসর সিরাজ উদ্দিন আহম্মদ)  
২৩.০২.২০২০  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।